

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনসমূহের সর্বশেষ পরিস্থিতি**

(০৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিঃ বিকাল ৩.০০ টার তথ্য অনুযায়ী)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	সকাল ৯.০০ টায় পানি সমতল (মিটার)	দুপুর ৩.০০ টায় পানি সমতল (মিটার)	বিগত ৬ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-	-

**বিকাল ৩.০০ টার তথ্য অনুযায়ী নদ-নদীর সর্বশেষ পরিস্থিতি**

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশন			
বৃদ্ধি	২২	গেজ পাঠ পাওয়া যায়নি	০১	সকাল ৯.০০ টায়	০০	বৃদ্ধি	০০
হ্রাস	৭৭	মোট তথ্য পাওয়া যায়নি	০১	দুপুর ৩.০০ টায়	০০	হ্রাস	০০
অপরিবর্তিত	১৬					অপরিবর্তিত	০০
						মোট তথ্য পাওয়া যায়নি	০০
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০০				
বিপদসীমার উপরে নদীসমূহের নাম:			-				

**বিকাল ০৫.০০ টার তথ্য অনুযায়ীঃ**

- বিগত ০৮ ঘণ্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই।
- বিগত ০৮ ঘণ্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):  
পটুয়াখালী ৭১.০, বাউফল (পটুয়াখালী) ৫৯.০, কুমিল্লা ৪৮.৬, পালং (শরীয়তপুর) ৪৪.০, বাকেরগঞ্জ (বরিশাল) ৪২.০, খেপুপাড়া (পটুয়াখালী) ৪০.০, খুলনা ৪০.০, আমতলি (বরগুনা) ৩৬.০, নরসিংদী ৩৫.০, মাহিনিবাজার (কুমিল্লা) ৩৫.০, ভাগ্যকুল (মুন্সিগঞ্জ) ৩৪.০, কয়রা (খুলনা) ৩৩.০, চালনা (খুলনা) ৩২.০ ও পাথরঘাটা (বরগুনা) ৩০.০।

**বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহ:**

- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং ভারত আবহাওয়া অধিদপ্তরসমূহের তথ্যের প্রেক্ষিতে, প্রবল ঘূর্ণিঝড় “দানা” আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ ২৪ অক্টোবর মধ্যরাত (১২.০০ টা) হতে ২৫ অক্টোবর, ২০২৪ খ্রি. সকালের (০৬.০০ টা) মধ্যে পুরী ও সাগর দ্বীপ এর মাঝখান দিয়ে ভারতের উত্তর ওড়িশা-পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করে ভারতীয় ভূভাগে প্রবেশ করতে পারে।
- প্রবল ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশের প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের তুলনায় ২-৩ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।
- ঘূর্ণিঝড়ের প্রভাবে আগামী ২ দিন বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক অপেক্ষা অধিক উচ্চতার জোয়ার পরিলক্ষিত হতে পারে। ঘূর্ণিঝড়টির প্রভাবে আগামী ২৪-২৫ অক্টোবর, ২০২৪ খ্রি. মেয়াদে খুলনা বিভাগের কোথাও কোথাও অতিভারী বর্ষণ (>৮৮ মি.মি./ ২৪ ঘণ্টা) এবং বরিশাল বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণ (৪৪-৮৮ মি.মি./ ২৪ ঘণ্টা) পরিলক্ষিত হতে পারে।

**রংপুর বিভাগ:**

- রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ৫ দিন নদ-নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

\*অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য\*

- রংপুর বিভাগের ধরলা, দুধকুমার ও তিস্তা নদীসমূহের পানি সমতল সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০২ দিন তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানিসমতল স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তী ১ দিন পানি সমতল হ্রাস পেতে পারে।

#### রাজশাহী বিভাগ:

- রাজশাহী বিভাগের গঙ্গা নদী এবং তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৫ দিন নদীসমূহের পানি সমতল ধীর গতিতে হ্রাস পেতে পারে।

#### সিলেট বিভাগ:

- সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী (৪৪ হতে ৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা কম। এর প্রেক্ষিতে আগামী ০৩ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

- সিলেট বিভাগের অন্যান্য প্রধান নদীসমূহ- মনু, খোয়াই ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে সারিগোয়াইন, ধলাই নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৩ দিন মনু, খোয়াই, ধলাই, খোয়াই, সারিগোয়াইন ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

#### ময়মনসিংহ বিভাগ:

- ময়মনসিংহ বিভাগের ভুগাই ও জিজিরাম নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে সোমেশ্বরী, কংস, পুরাতন ব্রহ্মপুত্র নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন ময়মনসিংহ বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী (৪৪ হতে ৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা কম। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন সোমেশ্বরী, ভুগাই-কংস, জিজিরাম ও পুরাতন ব্রহ্মপুত্র নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

#### চট্টগ্রাম বিভাগ:

- চট্টগ্রাম বিভাগের গোমতী, ফেনী, মাতামুহর ও সাঙ্গু নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে হালদা ও মুহুরি নদীর পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন চট্টগ্রাম বিভাগের গোমতী, মুহুরী, মাতামুহরী, ফেনী, হালদা ও সাঙ্গু ইত্যাদি নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

বন্যা সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন:

০১৫৫২-৩৫৩৪৩৩, ০১৫৫৯-৭২৮১৫৮, ০১৭৬৫-৪০৫৫৭৬, ০১৬৭৪-৩৫৬২০৮



নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র  
বাপাউবো, পানি ভবন, ঢাকা